বাংলাদেশ ফুটবল ফেডারেশনের সম্মানিত সভাপতি'র মাসিক (জুলাই ২০২২) বিবৃতি

সবাইকে বাংলাদেশ ফুটবল ফেডারেশনের পক্ষ থেকে শুভেচ্ছা।

বাংলাদেশের ফুটবলকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য বাংলাদেশ ফুটবল ফেডারেশনের ২০২৪ সাল পর্যন্ত দীর্ঘমেয়াদী পরিকল্পনার অংশ হিসেবে দক্ষ নেতৃত্ব, লক্ষ্য পূরণ এবং অগ্রাধিকার ভিত্তিতে আমরা নিরলস কাজ করে যাচ্ছি। আমাদের সবার দৃষ্টিভঙ্গি পরিষ্কার ও স্বচ্ছ থাকলে সবাইকে একত্রিত করে জাতি হিসেবে আমরা সামনের দিকে এগোতে পারব। আমাকে টানা চতুর্থবারের মতো সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশনের (সাফ) সভাপতি হিসেবে নির্বাচিত করা হয়েছে যা আমার জন্য অত্যন্ত আনন্দদায়ক অভিজ্ঞতা ও সম্মানজনক। আমার মূল লক্ষ্য সাউথ এশিয়ান ফুটবল ফেডারেশনের সকল সদস্য দেশসমূহকে একত্রিত করে সঠিক মূল্যবোধ এবং বাস্তবসম্মত পরিকল্পনা বাস্তবায়ন করে সাউথ এশিয়ান অঞ্চলে ফুটবলের বিকাশ ঘটানো এবং বহিঃবিশ্বের কাছে এই অঞ্চলকে নতুনভাবে পরিচয় করিয়ে দেয়া।

বিএফএফ এএফসি 'বি' ডিপ্লোমা কোর্সঃ

আমাদের দেশে প্রশিক্ষকদের উন্নয়ন এবং শিক্ষার প্রতি আমাদের ক্রমবর্ধমান প্রতিশ্রুতির অংশ হিসেবে আমরা এই বছর দুইটি 'বি' ডিপ্লোমা কোর্সের আয়োজন করেছি। আমি অনেক প্রশিক্ষকদের দেখেছি যারা নিজেদেরকে শিক্ষিত করতে এবং অধিকতর যোগ্যতা অর্জন করতে আগ্রহী। আমরা কোচ এডুকেশন স্কিমের আওতায় একটি কোচ অ্যাক্রিডিটেশন স্ট্রাকচার প্রতিষ্ঠা করেছি যা সারা বাংলাদেশে প্রশিক্ষকগণের বিকাশে সহায়তা করার জন্য এবং আধুনিক কোচিং ও প্রশিক্ষণ পদ্ধতিতে সক্ষমতা অর্জনের লক্ষ্যে সহায়ক। এই কোর্সগুলো গ্রাসরুট সার্টিফিকেট এর মাধ্যমে শুরু হয় এবং পরবর্তীতে 'সি', 'বি', 'এ' ও প্রফেশনাল ডিপ্লোমা দিয়ে শেষ হয় যা এশিয়ান ফুটবল কনফেডারেশন (এএফসি) দ্বারা অনুমোদিত এবং UEFA কর্তৃক স্বীকৃত। বাংলাদেশ ফুটবল ফেডারেশন সর্বদাই দেশী ও বিদেশী প্রশিক্ষকদের জন্য মানসম্পন্ন কোর্স আয়োজন করতে প্রতিশ্রুতিবদ্ধ।

'বসুন্ধরা গ্রুপ পাইওনিয়র (অ-১৫) ফুটবল লীগ ২০২১-২২'ঃ

'বসুন্ধরা গ্রুপ পাইওনিয়র (অ-১৫) ফুটবল লীগ ২০২১-২২'-এর ফাইনাল ম্যাচটি বরিশাল ফুটবল একাডেমী বনাম জারা গ্রীণ বয়েজ কিশোর বাংলা ক্লাব এর মধ্যে অনুষ্ঠিত হয়েছে। ম্যাচটি ৩-৩ গোলে ড্র হলে বরিশাল ফুটবল একাডেমী টাই ব্রেকারে ৪-৩ গোলে জয়লাভ করে। ঢাকা মহানগরী ফুটবল লীগ কমিটির সকল সদস্যকে বিশেষ করে পাইওনিয়ার ফুটবল লীগ সংশ্লিষ্ট সকলের প্রতি রইল আমার আন্তরিক ধন্যবাদ।

'বাফুফে জাতীয় স্কুল ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০২২'ঃ

'বাফুফে জাতীয় স্কুল ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০২২'-এর ফাইনাল ম্যাচটি ছমির উদ্দিন স্কুল ও কলেজ, নীলফামারী বনাম বেনাপোল মাধ্যমিক স্কুল, যশোর এর মধ্যে অনুষ্ঠিত হয়েছে। ম্যাচে ছমির উদ্দিন স্কুল ও কলেজ ১-০ গোলে জয়লাভ করে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। টুর্নামেন্টটির চূড়ান্ত পর্ব ঢাকায় অনুষ্ঠিত হয় এবং এই প্রতিযোগিতায় অনেক খেলোয়াড়, কর্মকর্তা এবং প্রশিক্ষকদের স্বতঃস্ফুর্ত অংশগ্রহণ করতে দেখেছি যা একটি দেশের ফুটবলের উন্নয়নের জন্য অনস্বীকার্য। এই টুর্নামেন্টের সাথে জড়িত সবাইকে আমি আন্তরিকভাবে ধন্যবাদ জানাই।

চলমান পাতা ...... /২

‘টিভিএস বাংলাদেশ প্রিমিয়ার লীগ ২০২১-২২’ঃ

মুন্সীগঞ্জের বীরশ্রেষ্ঠ শহীদ লেফটেন্যান্ট মতিউর রহমান স্টেডিয়ামে স্বাগতিক সাইফ স্পোর্টিং ক্লাবকে ২-০ গোলে হারিয়ে দুই ম্যাচ হাতে রেখে ২০২১-২০২২ সালের বাংলাদেশ প্রিমিয়ার লিগের শিরোপা নিশ্চিত করে বসুন্ধরা কিংস। টানা তৃতীয় বারের মতো চ্যাম্পিয়ন হওয়ায় ক্লাবটিকে আমি আন্তরিক অভিনন্দন জ্ঞাপন করছি। সাথে সাথে আবাহনী লিঃ ঢাকা রানার্স-আপ হওয়ায় তাদেরকেও অভিনন্দন জ্ঞাপন করছি। এছাড়া অংশগ্রহণকারী সকল ক্লাবের প্রতি রইল আমার আন্তরিক ধন্যবাদ।

‘সাফ অ-২০ ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০২২’ঃ

বাংলাদেশ অনূর্ধ্ব-২০ জাতীয় ফুটবল দল বর্তমানে "সাফ অনূর্ধ্ব-২০ চ্যাম্পিয়নশিপ ২০২২" এ অংশগ্রহণ করার লক্ষ্যে ভারতে অবস্থান করছে। বাংলাদেশ ছাড়াও ভারত, মালদ্বীপ, নেপাল এবং শ্রীলঙ্কা এই টুর্নামেন্টে অংশগ্রহণ করছে। বাফুফে পুরুষ ও মহিলা খেলোয়াড়দের জন্য আবাসিক এলিট একাডেমি চলমান রাখার মাধ্যমে বয়সভিত্তিক খেলোয়াড়দের সত্যিকারের বিকাশের ও উন্নয়নের লক্ষ্যে বাফুফে বদ্ধপরিকর। ভারতের ভুবনেশ্বরের কালিঙ্গা স্টেডিয়ামে শ্রীলংকার বিরুদ্ধে ১-০ গোলের ব্যবধানে, স্বাগতিক ভারতের বিরুদ্ধে ২-১ গোলে এবং মালদ্বীপের বিরুদ্ধে ৪-১ গোলের বড় ব্যবধানের জয়ের মাধ্যমে বাংলাদেশ অনূর্ধ্ব-২০ জাতীয় ফুটবল দল টুর্নামেন্টের শুভ সূচনা করতঃ ফাইনালে খেলার আরো অনেক কাছে পৌঁছে গিয়েছে। বাফুফে এলিট একাডেমির খেলোয়াড় মোঃ মিরাজুল ইসলাম শ্রীলংকার বিরুদ্ধে ৭১ মিনিটে মনোমুগ্ধকর গোলটি করে বাংলাদেশকে ৩ পয়েন্ট নিশ্চিত করতে সহায়তা করে এবং মালদ্বীপের বিপক্ষে তার হ্যাটট্রিক গোলগুলো আসলেই দৃষ্টিনন্দন ছিল। আমি এই টুর্নামেন্টের সাফল্য কামনা করি।

এএফসি চ্যাম্পিয়নস লীগ (ACL)ঃ

এএফসি ক্লাব কাপে অংশগ্রহণের ভিত্তিতে প্রতি চার বছরে একবার এশিয়ান ফুটবল কনফেডারেশন (এএফসি) এএফসি চ্যাম্পিয়ন্স লীগ (ACL) এর র‍্যাংকিং প্রকাশ করে। এএফসি কর্তৃক সর্বশেষ প্রকাশিত র‍্যাংকিং অনুযায়ী বাংলাদেশ প্রিমিয়ার লিগের একটি ক্লাব এখন প্রাথমিক রাউন্ড বা প্লে অফ রাউন্ডের মাধ্যমে এএফসি চ্যাম্পিয়ন্স লিগে অংশগ্রহণের সুযোগ পাবে। এটি খুবই আনন্দের খবর তবে ক্লাবগুলোকে অবশ্যই নির্দিষ্ট এসিএল ক্লাব লাইসেন্সিং ক্রাইটেরিয়া পূরণ করতে হবে। এই প্রথম বারের মতো বাংলাদেশের কোন ক্লাব এএফসি চ্যাম্পিয়ন্স লিগে অংশগ্রহণের জন্য বিবেচিত হবে। বাংলাদেশের ক্লাবগুলো এএফসির মানদন্ড অনুযায়ী পেশাদারিত্বের দিকে এগিয়ে যাচ্ছে। আমরা ক্লাবগুলোর খেলার মান ও পেশাদারিত্বের ধারাবাহিকতা বজায় রেখে ক্লাবসমূহের টেকনিক্যাল ও অবকাঠামোগত উন্নয়নের লক্ষ্যে অবিরাম কাজ করে যাচ্ছি।

রেফারি রিফ্রেসারস কোর্সঃ

আমরা শিক্ষাকে ফেডারেশনে আমাদের কাজের একটি দৃঢ় উপাদান হিসেবে দেখি। আমরা ক্যালেন্ডার অনুযায়ী নতুন প্রজন্মের রেফারিদের একত্রিত করেছি যারা আমাদের প্রতিযোগিতার বিস্তৃত পরিসরে রেফারি হিসাবে ভবিষ্যতে কাজ করবে। বর্তমান রেফারিদের জন্যে পরিচালিত কোর্সসমূহ আমরা অব্যাহত রাখবো এবং সেই সঙ্গে পরবর্তী প্রজন্মের রেফারিদেরকেও আকৃষ্ট করতে হবে। আমি প্রতিযোগিতায় জড়িত রেফারি, ম্যাচ কমিশনার এবং রেফারি মূল্যায়নকারীদের উন্নয়ন ও বিকাশে এবং ফুটবল খেলায় নতুন রেফারিদের আকৃষ্ট করার জন্য প্রচারণা ও অনুপ্রেরণামূলক পদ্ধতিতে দৃঢ় বিশ্বাসী।

চলমান পাতা ...... /৩

আন্তর্জাতিক প্রতিযোগিতাসমূহঃ

২০২২ সালের শেষের দিকে আমাদেরকে অনেক আন্তর্জাতিক প্রতিযোগিতায় অংশগ্রহণ করতে হচ্ছে। শুধুমাত্র সেপ্টেম্বর মাসেই চারটি জাতীয় দল সাফ ও এএফসি'র প্রতিযোগিতাসহ ফিফা উইন্ডোতে আন্তর্জাতিক ম্যাচে অংশগ্রহণ করবে। নেপালের কাঠমান্ডুতে অনুষ্ঠিতব্য "সাফ মহিলা ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০২২" এ বাংলাদেশ মহিলা জাতীয় ফুটবল দল, শ্রীলংকার কলম্বোতে অনুষ্ঠিতব্য "সাফ অ-১৭ ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০২২" এ বাংলাদেশ অনূর্ধ্ব-১৭ জাতীয় ফুটবল দল, বাহরাইনে অনুষ্ঠিতব্য এএফসি অনূর্ধ্ব-২০ কোয়ালিফায়ারস রাউন্ডে বাংলাদেশ অনূর্ধ্ব-২০ জাতীয় ফুটবল দল এবং একই মাসে সেপ্টেম্বর ফিফা উইন্ডোতে বাংলাদেশ জাতীয় ফুটবল দল দেশের মাটিতে বা দেশের বাইরে ম্যাচ খেলবে। এই সকল টুর্নামেন্ট ও প্রতিযোগিতাসমূহ খেলোয়াড়, কোচ ও কর্মকর্তাদের উন্নয়নের একটি অবিচ্ছিন্ন অংশ বলে আমি মনে করি এবং তাদের কাছ থেকে ভালো কিছু অর্জনের প্রত্যাশা করি যা দেশের জন্য সম্মান ও মর্যাদা বয়ে আনবে।

************* *************